অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে 800,000 শিশুর জন্য স্বাস্থ্যসেবা কভারেজ বাড়ালেন

চাইল্ড হেলথ প্লাস এবং মেডিকেড (Medicaid)-এ ছয় বছরের কমবয়সী শিশুরা নিরবিচ্ছিন্ন কভারেজ পাবে বলে ওয়েভার সংশোধনী নিশ্চিত করে

ধারাবাহিক যোগ্যতার মওকুফ পুরো স্টেট জুড়ে স্বাস্থ্যে সমতার বার্তা প্রচার করবে

স্টেট এখন ছয় বছরের কমবয়সী শিশুদের চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) এবং মেডিকেড (Medicaid)-এ ধারাবাহিক যোগ্যতার সুযোগ দিতে পারবে বলে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করলেন। এই পরিবর্তন প্রশাসনিক বোঝা কমিয়ে এই কর্মসূচিগুলোতে তালিকাভুক্তি সহজ করে এবং ছয় বছর বয়স পর্যন্ত কনিষ্ঠতম নিউ ইয়র্কবাসীদের কভারেজে ধারাবাহিক যোগ্যতা নিশ্চিত করে। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) একটি 1115 মেডিকেড রিডিজাইন টিম ওয়েভার সংশোধনী জমা দিয়েছে যেটাকে মেডিকেয়ার এবং মেডিকেড পরিষেবার সেন্টার (Centers for Medicare and Medicaid Services) অনুমোদন করেছে। এই অনুমোদন নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা ব্যবস্থা উন্নত করতে, স্বাস্থ্যে সমতা বাড়াতে এবং স্বাস্থ্যসেবার কভারেজ সম্প্রসারণ করতে গভর্নরের প্রতিশ্রুতি অনুসরণ করে।

"আমাদের স্টেট জুড়ে 800,000 শিশুর জন্য স্বাস্থ্য কভারেজ প্রসারিত করার মাধ্যমে, তাদের পূর্ণ ও স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য নিরবচ্ছিন্ন কভারেজ রয়েছে বলে আমরা নিশ্চিত করছি," **গভর্নর হোকল বলেন।** "যখন কথা হয় পরিবারের শিশুদের স্বাস্থ্যসেবা নিয়ে তখন এই ওয়েভার পরিবারগুলোকে বিকল্প দেওয়ার সুযোগ আমাদেরকে দেয় এবং আমাদের কনিষ্ঠতম নিউ ইয়র্কবাসী এক সুস্থ ভবিষ্যত তৈরি করতে আমরা সবসময়ই বাড়তি পথ হাঁটব।"

স্টেট জুড়ে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল)-এর আত্মৎসর্গ সেইসকল ক্রমবর্ধনশীল স্টেটগুলোর তালিকায় নিউ ইয়র্কের অবস্থান মজবুত করে যারা ছয় বছরের কমবয়সী শিশুদের জন্য ধারাবাহিক স্বাস্থ্য বিমার যোগ্যতা প্রদান করে।

ছয় বছরের কমবয়সী 800,000 এর বেশি শিশু মেডিকেড (Medicaid) এবং চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus)-এ তালিকাভুক্ত হয়েছে যারা এই পরিবর্তন থেকে সুবিধা পেতে পারে।

2024 সালের সেপ্টেম্বর পর্যন্ত, 18 বছরের কমবয়সী 2.5 মিলিয়নের বেশি শিশুকে মেডিকেড (Medicaid) এবং চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus)-এ তালিকাভুক্ত করা হয়েছে, যা নিউ ইয়র্ককে দেশের সবচেয়ে বিস্তৃত জনস্বাস্থ্য বীমা প্রোগ্রামগুলোর মধ্যে একটি করে তুলেছে। সারা বছর ধরে মেডিকেড এবং চাইল্ড হেলথ প্লাসে তালিকাভুক্ত করার সুযোগ উপলভ্য রয়েছে এবং সবচেয়ে অরক্ষিত নিউ ইয়র্কবাসীর জন্য সর্বাঙ্গীন স্বাস্থ্য সুবিধা প্রদান করে, যাদের মধ্যে শিশু রয়েছে এমন নিম্ন-আয়ের পরিবার, প্রবীণ ব্যক্তি, ফস্টার কেয়ার, গর্ভবতী মহিলা, এবং অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিরা অন্তর্ভুক্ত রয়েছেন।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ডঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়মতো ঘোষণা করা হয়েছে। শিশুরা খুবই দুর্বল হয় এবং তাদের হাতে মানসম্পন্ন স্বাস্থ্যসেবার সুযোগ না থাকলে তারা গুরুতর প্রতিকূল স্বাস্থ্য জনিত পরিণতির ঝুঁকিতে থাকে। CMS-এর কাছ থেকে এই ওয়েভারের অনুমোদন বিভাগের দুর্দান্ত কাজের প্রতিনিধিত্ব করে, এবং আমাদের শিশুদের জন্য সর্বোত্তম স্বাস্থ্য ফলাফলের সাধারণ লক্ষ্য অর্জনে এবং স্বাস্থ্য সমতা অর্জনে ফেডারেল সরকারের সাথে আমাদের শক্তিশালী অংশীদারিত্ব প্রদর্শন করে।"

নিউ ইয়র্ক স্টেটের মেডিকেড কর্মসূচির (Medicaid Program) ডিরেক্টর Amir Bassiri (আমীর বাসিরি) বলেন, "অপরিহার্য স্বাস্থ্য পরিষেবা হাতে পায় না এমন শিশুদের মানসিক, শারীরিক এবং সামাজিক বিকাশে নেতিবাচক সুদূর প্রতিক্রিয়ায় ভোগার সম্ভাবনা তাদের বেশি থাকে। অল্পবয়সী শিশুদের জন্য স্বাস্থ্য বীমার নিরবচ্ছিন্ন অ্যাক্সেস প্রদান করে, এই ওয়েভার শুরু থেকেই তাদের উন্নতির ক্ষমতাকে রক্ষা করতে সাহায্য করবে, দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য আরও ভালো স্বাস্থ্যের ফলাফল পোষণ করবে এবং স্টেট জুড়ে পদ্ধতিগত স্বাস্থ্য বৈষম্য হ্রাস করবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা Charles Schumer (চার্লস শুমার) বলেন, "মেডিকেড হল অগুনতি নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবার ভিত্তিপ্রস্তর এবং আরও অল্পবয়সী শিশু যাতে পরিচর্যা হাতে পায় তা নিউ ইয়র্কের মেডিকেড মওকুফে এই ফেডারেল অনুমোদন নিশ্চিত করবে। এবার, নিউ ইয়র্ক (NY) জুড়ে বিভিন্ন পরিবারের কাছে তাদের শিশুদের জন্য আরও বেশি স্বাস্থ্য সেবার বিকল্প থাকবে। আমাদের সবচেয়ে ছোট নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্যসেবা আরও সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য করে তোলার জন্য গভর্নর Hochul (হোকল)-এর সাথে থেকে কাজ করতে পেরে আমি আনন্দিত।"

সেনেটর Kirsten Gillibrand (কার্স্টেন গিলিব্র্যান্ড) বলেন, "নিউ ইয়র্কের শিশুরা যাতে শারীরিক, মানসিক এবং শিক্ষাগতভাবে উন্নতি করতে পারে তা নিশ্চিত করার জন্য উচ্চ-মানের স্বাস্থ্যসেবার অ্যাক্সেস অপরিহার্য এবং আমাদের স্টেট এই অ্যাক্সেস বাড়ানোর জন্য পদক্ষেপ নিচ্ছে দেখে আমি গর্বিত। এই মওকুফ আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্যসেবা কভারেজকে প্রসারিত করবে, পরবর্তী প্রজন্মের জন্য দীর্ঘমেয়াদী স্বাস্থ্য ফলাফল উন্নত করতে সাহায্য করবে। এই ওয়েভার অনুমোদনের জন্য আমি CMS-কে সাধুবাদ জানাই, এবং নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় যত্ন পায় তা নিশ্চিত করার জন্য আমি ফেডারেল স্তরে নিরলসভাবে ওকালতি চালিয়ে যাব।"

প্রতিনিধি Jerrold Nadler (জেরল্ড ন্যাডলার) বলেন, "নিউ ইয়র্কের শিশুদের হাতে উচ্চ মানের এবং নিরবচ্ছিন্ন স্বাস্থ্যসেবা কভারেজ অ্যাক্সেস থাকা গুরুত্বপূর্ণ। চাইল্ড হেলথ প্লাস এবং মেডিকেড-এ ছয় বছরের কম বয়সী শিশুদের জন্য ধারাবাহিক যোগ্যতার সুযোগ দেওয়ার জন্য CMS নিউ ইয়র্কের 1115 MRT ওয়েভার সংশোধনী অনুমোদন করেছে বলে আমি সন্তুষ্ট।"

প্রতিনিধি Nydia M. Velázquez (নিডিয়া এম. ভেলাজকোয়েজ) বলেন, "এই কভারেজ সম্প্রসারণ এটা নিশ্চিত করতে সাহায্য করবে যে পটভূমি নির্বিশেষে, সমস্ত শিশুর কাছে তাদের উন্নতির জন্য প্রয়োজনীয় স্বাস্থ্যসেবার অ্যাক্সেস রয়েছে। ছয় বছরের কমবয়সী শিশুদের জন্য ধারাবাহিক স্বাস্থ্য কভারেজকে অগ্রাধিকার দিয়ে, নিউ ইয়র্ক স্বাস্থ্য সমতা উন্নত করতে ফেডারেল সরকারের সাথে অংশীদারিত্বকারী স্টেটগুলোর জন্য একটি শক্তিশালী উদাহরণ স্থাপন করছে। স্টেট জুড়ে দুর্বল শিশুদের মঙ্গল রক্ষায় গভর্নর হোকলএবং তার প্রশাসনের আত্মৎসর্গের জন্য আমি তাদের প্রশংসা করি।"

ডেমোক্র্যাটিক নেতা Hakeem Jeffries (হাকিম জেফরিস) বলেন, "আমাদের প্রায় এক মিলিয়ন কনিষ্ঠ নিউ ইয়র্কবাসীকে একটি সুস্থ পথে এগিয়ে দিতে তারা মেডিকেডের মাধ্যমে ব্যাপক স্বাস্থ্য বীমা কভারেজ অ্যাক্সেস করতে পাবে বলে নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের নেতৃত্বে আমি কৃতজ্ঞ। ওয়াশিংটনে, হাউস ডেমোক্র্যাটস প্রেসক্রিপশনের ওষুধের খরচ কমাতে এবং মূল্যস্ফীতি হ্রাস আইনের মাধ্যমে সাশ্রয়ী মূল্যের পরিচর্যা আইনকে প্রসারিত করতে এবং আমাদের যত্নকে ধুলোয় মিশিয়ে দিতে যায় এমন চরমপন্থীদের থেকে মেডিকেডকে রক্ষা করতে আমাদের ঐতিহাসিক প্রচেষ্টা গড়ে তোলার জন্য কাজ করবে।"

প্রতিনিধি Adriano Espaillat (আড্রিয়ানো এসপিলিয়ট) বলেন, "গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থার উন্নতি এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যসেবাতে ন্যায়সঙ্গত অ্যাক্সেস নিশ্চিত করার প্রতিশ্রুতি পূরণ করে ছয় বছরের কমবয়সী 400,000-এরও বেশি শিশুকে জীবনদায়ী স্বাস্থ্যসেবা কভারেজ প্রদান করছেন। শিশুরা মেডিকেড (Medicaid) এবং চাইল্ড হেলথ প্লাসে (Child Health Plus) বিনা বাধায় তালিকাভুক্ত থাকবে বলে নিশ্চিত করে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর (Department of Health) সারাজীবনের শারীরিক, মানসিক এবং সামাজিক প্রতিক্রিয়া প্রতিরোধ করছে। আমি নিউ ইয়র্কের পরিবারের স্বাস্থ্য নিশ্চিত করতে গভর্নরের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

প্রতিনিধি Joe Morelle (জয়ি মরেল) বলেন, "স্বাস্থ্যসেবার বেশি ব্যয়ের কারণে আমাদের বিভিন্ন সম্প্রদায়ের অনেক শিশুই তাদের প্রয়োজনীয় যত্ন নিতে পারে না। আজকের ঘোষণা আমাদের নিউ ইয়র্ক স্টেটের এই জরুরি সমস্যা সমাধানের আরও কাছে নিয়ে যায়। ছয় বছরের কমবয়সী শিশুদের জন্য চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) এবং মেডিকেড (Medicaid) এর জন্য যোগ্যতা সম্প্রসারণ করলে তা পরিবারগুলির কাছে একটা সত্যিকারের পার্থক্য তৈরি করবে, তাদের নিরাপত্তা এবং মানসিক শান্তি প্রদান করবে যা তাদের শিশুদের স্বাস্থ্য এবং নিরাপত্তায় অগ্রাধিকার পায় জানার মাধ্যমে পাওয়া যায়। পরিবারগুলোকে সমর্থন করার জন্য গভর্নর Hochul (হোকল) এর আত্মৎসর্গের জন্য আমি কৃতজ্ঞ, এবং আমি তাদের মঙ্গলের খাতিরে একসাথে আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

প্রতিনিধি Dan Goldman (ড্যান গোল্ডম্যান) বলেন, "যথেচ্ছ মেডিকেডের (Arbitrary Medicaid) যোগ্যতার শর্তগুলোর কখনই একটা ছোট শিশু এবং ডাক্তারের অফিসের মাঝে আসা উচিত নয়। 1115 ওয়েভার কার্যকর করার জন্য কাজ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই, যা নিউ ইয়র্ক জুড়ে 800,000 শিশুর জন্য নিরবচ্ছিন্ন স্বাস্থ্যসেবা কভারেজ নিশ্চিত করবে। একটি শিশুর প্রারম্ভিক কয়েক বছরে সুস্বাস্থ্য এবং নিয়মিত স্বাস্থ্যসেবার অ্যাক্সেস তাদের দীর্ঘ, সুস্থ জীবনযাপন করার সম্ভাবনা বাড়িয়ে তোলে। আমাদের পুরো দেশে শিশুদের প্রাপ্য সর্বাঙ্গীণ, নির্ভরযোগ্য স্বাস্থ্যসেবা কভারেজে তাদের অ্যাক্সেস রয়েছে বলে নিশ্চিত করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করাটা বাধ্যতামূলক বিষয়।"

প্রতিনিধি Tim Kennedy (টিম কেনেডি) বলেন, "প্রত্যেক শিশু জীবনে একটা স্বাস্থ্যকর সূচনায় অ্যাক্সেস পাওয়ার যোগ্য। এই স্বাস্থ্য কভারেজ সম্প্রসারণ নিউ ইয়র্ক জুড়ে হাজার হাজার শিশুকে একটি দৃঢ় ভিত্তি দেয় যেখান থেকে আজীবন সুস্থতা এবং উন্নতির সুযোগ তৈরি করা যায়।"

এই ওয়েভার সংশোধনীটি মেডিকেড (Medicaid) এবং চাইল্ড হেলথ প্লাসে (Child Health Plus) শিশুদের জন্য বিদ্যমান যোগ্যতার মাপকাঠি সংশোধন করে স্টেটের বর্তমান MRT 1115 ওয়েভার সংশোধন করে, যাতে শিশুর পারিবারিক পরিস্থিতি পরিবর্তন হলেও তাদের অবিচ্ছিন্ন তালিকাভুক্তির অনুমতি দেওয়া হয়। ছোট শিশুদের জন্য কভারেজে ফাঁক তাদের দীর্ঘমেয়াদী স্বাস্থ্য এবং সুস্থতার জন্য ক্ষতিকর হতে পারে। এই ধরনের অভিজ্ঞতা শিশুদের মানসিক এবং শারীরিক স্বাস্থ্য, শিক্ষাগত সাফল্য এবং আর্থিক নিরাপত্তার ওপর দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

এই অনুমোদন পাওয়ার ক্ষেত্রে, গভর্নর Hochul (হোকল) স্বাস্থ্যবীমার নিরবচ্ছিন্ন অ্যাক্সেস সুরক্ষিত করেছেন যা নিশ্চিত করবে যে শিশুরা তাদের গঠনমূলক বয়সে গুরুত্বপূর্ণ প্রতিরোধমূলক এবং প্রাথমিক পরিচর্যা পরিষেবা সহ কভারেজ এবং প্রয়োজনীয় স্বাস্থ্য পরিচর্যার সাথে সংযুক্ত রয়েছে। এটি প্রগতিশীল, সহানুভূতিশীল স্বাস্থ্যসেবার অগ্রভাগে নিউ ইয়র্ককে রাখার জন্য গভর্নরের দৃঢ় প্রতিশ্রুতিকে আরও বাড়িয়ে তোলে।

MRT 1115 ধারাবাহিক যোগ্যতা মওকুফ সংশোধনী সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে।

MRT 1115 ধারাবাহিক যোগ্যতা মওকুফ সংশোধনী সম্পর্কে আরও তথ্য এবং জনসাধারণের মন্তব্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন